

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 04-03-2026
Time: 07:35-07:40 AM
BENGALI MORNING BULLETIN

Holi:

ত্রিপুরায় আজ রঙের উৎসব হোলি। দোল পূর্ণিমার পর দিন রাজ্যে চিরাচরিত প্রথা অনুযায়ী হোলি খেলার মেতে ওঠেন ছোট বড় সব বয়সের নাগরিকরা। বিশেষ করে ছোটদের মধ্যে এই উৎসবকে কেন্দ্র করে বিপুল উৎসাহ দেখা যায়। জাতি জনজাতি সব অংশের মধ্যে এই উৎসবকে কেন্দ্র করে বিপুল উৎসাহ দেখা যায়। হোলি উপলক্ষে আরক্ষা দপ্তরের পক্ষ থেকে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। বিভিন্ন দোকানে দোকানে শোভা পাচ্ছে নানা রঙের আবির, গুলাল, পিচকারি ও নানা উপকরণ।

এদিকে, গতকাল ধর্মীয় আবির অনুষ্ঠানের মধ্য দিয়ে দোল পূর্ণিমা উৎসব পালিত হয়। আগরতলার জগন্নাথ জিও মন্দির, ইসকন মন্দির, লক্ষী নারায়ণ মন্দিরে এই উপলক্ষে বিশেষ পূজার্চনা করা হয়। হোলি উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

Vice President:

দু'দিনের ত্রিপুরা সফরে উপরাষ্ট্রপতি C.P রাধাকৃষ্ণান আগামী ৭ই মার্চ আগরতলায় আসবেন। তিনি ৮ই মার্চ ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ১৪ তম সমাবর্তন অনুষ্ঠানে অংশ নেবেন। এছাড়া হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে আয়োজিত স্বসহায়ক দলের প্রতিনিধি ও লাখপতি দিদিদের সঙ্গে এক মতবিনিময় সভায় যোগ দেবেন। মাতা ত্রিপুরেশ্বরী মন্দির দর্শনে তিনি উদয়পুরে যাবেন বলে সরকারি সূত্রে জানা গেছে। উপরাষ্ট্রপতি হিসেবে

দায়িত্ব নেওয়ার পর C.P রাধাকৃষ্ণনের এটাই হবে তাঁর প্রথম ত্রিপুরা সফর।

Food Minister :

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, রাজ্যে বর্তমানে যথেষ্ট পরিমাণে পেট্রোল, ডিজেল ও রান্নার গ্যাসের মজুত রয়েছে। পেট্রোল সংগ্রহের জন্য অযথা পেট্রোল পাম্পের সামনে ভীড় না করতে তিনি জনগনকে পরামর্শ দিয়েছেন। পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতিতে রাজ্যে পণ্য সামগ্রীর সংকটের আশঙ্কা সংক্রান্ত গুজব ছড়িয়ে বিভ্রান্তি সৃষ্টি না করার জন্য তিনি সংশ্লিষ্ট সবাইকে সতর্ক করেছেন।

এদিকে, গতকাল সচিবালয়ে খাদ্যমন্ত্রীর পৌরহিত্যে এক বৈঠকে রাজ্যে পেট্রোল-ডিজেল, রান্নার গ্যাস ও নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর মজুত নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়। পণ্য সামগ্রীর অত্যাধিক মূল্য না নেবার জন্য তিনি ব্যবসায়ীদের অনুরোধ জানান। পাশাপাশি অত্যাবশ্যিক সামগ্রীর কালোবাজারী প্রতিরোধে নজরদারি বাড়ানোর জন্য তিনি আধিকারিকদের নির্দেশ দেন।

Courtsey Meet :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল নতুন দিল্লিতে কেন্দ্রীয় যুব ও ক্রীড়া বিষয়ক এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী ডাঃ মনসুখ মান্ডভিয়ার সাথে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে উভয়ের মধ্যে রাজ্যে ক্রীড়া, যুব বিষয়ক, শ্রম ও কর্মসংস্থান পরিকাঠামো উন্নয়ন নিয়ে আলোচনা হয়।

Webiner-PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত তার শক্তিশালী অর্থনীতির মাধ্যমে বিশ্বের কাছে আশার আলো হয়ে আছে। গতকাল ভিপিও কনফারেন্সের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি, সুস্থায়ী এবং শক্তিশালীকরণ ভাবনার উপর একটি বাজেট-পরবর্তী ওয়েবিনারে ভাষণ দিতে গিয়ে তিনি একথা বলেন। তিনি বলেন, দ্রুত অর্থনৈতিক উন্নয়ন বিকশিত ভারতের দৃষ্টিভঙ্গি বাস্তবায়নের ভিত্তিপ্রস্তর হয়ে উঠেছে। প্রধানমন্ত্রী আরো বলেন, ভারত অনেক দেশের সঙ্গে মুক্ত বাণিজ্য চুক্তিতে প্রবেশ করেছে এবং দেশের জন্য বিশাল সুযোগের দ্বার উন্মুক্ত হয়েছে।

Janaushadhi:

কেন্দ্রীয় সার ও রাসায়নিক মন্ত্রণালয় সারা দেশে জনৌষধি সপ্তাহ ২০২৬ পালন করছে। সাশ্রয়ী মূল্যের এবং উচ্চ মানের জেনেরিক ওষুধের প্রচারে এই উদ্যোগ নেওয়া হয়েছে। গতকাল অভিযানের তৃতীয় দিনে ৪৭টি শিবিরের আয়োজন করা হয়েছে, যেখানে হাজার হাজার মানুষ অংশগ্রহণ করেছে। শিবিরগুলোতে মহিলা, বয়স্ক নাগরিক এবং শিশুদের জন্য সেবা প্রদানের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। শিবিরগুলিতে স্বাস্থ্য পরীক্ষা ও চিকিৎসা সহায়তা ও জনৌষধি ওষুধ প্রদান করা হচ্ছে। এই উদ্যোগ এ মাসের ৭ তারিখ পর্যন্ত চলবে।

Forest Minister :

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা বলেছেন, পরিবেশের ভারসাম্য রক্ষা করতে হলে বন ও বন্যপ্রাণী সংরক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ বিষয়ে মানুষকে আরো বেশি সচেতন করা প্রয়োজন। গতকাল আগরতলার প্রগোভবনে আয়োজিত রাজ্যভিত্তিক কর্মশালায় তিনি একথা বলেন। বন দপ্তর আয়োজিত এই কর্মশালার মূল বিষয় ছিল ‘বন্যপ্রাণী ও উদ্ভিদ উদযাপন, জৈব বৈচিত্র সংরক্ষণ এবং প্রকৃতি সুরক্ষা’। কর্মশালায় বনমন্ত্রী আরো বলেন,

বন্যপ্রাণীদের প্রাকৃতিক আবাসস্থল সুরক্ষিত রাখতে হবে, যাতে তারা স্বাধীনভাবে জীবনযাপন করতে পারে।

New ICDS Project demand :

বিধায়ক দীপংকর সেন দক্ষিণ জেলার ভারতচন্দ্রনগর ব্লকে একটি সুসংহত শিশু বিকাশ প্রকল্প স্থাপনের উদ্যোগ নিতে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিংকু রায়কে অনুরোধ জানিয়েছেন। এ প্রসঙ্গে বিধায়ক শ্রী সেন গতকাল জানিয়েছেন, ভারতচন্দ্রনগর ব্লকের ১১৩টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র রয়েছে। বর্তমানে রাজনগর সুসংহত শিশু বিকাশ প্রকল্পের অধীনে রয়েছে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলি।

Cycloholic:

ত্রিপুরার দুই প্রবীণ নাগরিক ৬৬ বছর বয়সী চন্দন ভৌমিক ও ৫৯ বছর বয়সী অজয় কুমার সাহা বাইসাইকেলে আগরতলা থেকে তামিলনাড়ুর কন্যাকুমারী পর্যন্ত ৫ হাজার ৩০০ কিলোমিটার পথ পাড়ি দিয়েছেন। গত ৫ই জানুয়ারী রওয়ানা হয়ে গত ১লা মার্চ তারা কন্যাকুমারীতে গিয়ে পৌঁছান। প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ, পরিবেশ সুরক্ষার বার্তা পৌঁছে দিতে তাদের এই বাইসাইকেল ভ্রমণ বলে আগরতলা সাইক্লোহোলিক ক্লাবের পক্ষ থেকে জানানো হয়।

Weather:

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ অংশত মেঘলা থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ সেন্টিগ্রেড কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৯.২ সেন্টিগ্রেড সেলসিয়াস।

* * * * *

* * * * *